বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলী'র দপ্তর
সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট।
www.bwdb.gov.bd

স্মারক নং-বাপাউবো/নিঃপ্রঃ/এলটিএম/এল-৬/১২৯ তারিখঃ-১৪-০৭-২০২৬খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি/নবায়ন বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় (Works) ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের (Goods) লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়ের স্মারক নং-৪২.৩১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক তালিকাভূক্তির জন্য নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) এর মূল্য বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, সিলেট এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের সাধারণ শাখা হতে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ পূর্বক প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে **(সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)** আগ্রহী ঠিকাদার/সরবরাহকারীগণকে তালিকাভূক্তি/নবায়নের জন্য নিম্ন ছকে বর্ণিত কাগজপত্রাদিসহ আবেদনপত্র অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা প্রদানের অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয়, গ্রহণ ও নবায়ন এর আবেদন গ্রহণ করা হবে না।

**ঠিকাদার তালিকাভূক্তি ফরম বিক্রয়, গ্রহণ ও নবায়নের আবেদন গ্রহণের সময়সীমাঃ**

| তালিকাভূক্তি ফরম বিক্রয় আরম্ভের তারিখ | তালিকাভূক্তি ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভূক্তি/নবায়ন আবেদন গ্রহণের শেষ তারিখ |
|---|---|---|
| ১৯-০৭-২০২৬খ্রিঃ তারিখ | ১৮-০৮-২০২৬খ্রিঃ তারিখ | ২০-০৮-২০২৬খ্রিঃ তারিখ |

**১। ঠিকাদার তালিকাভূক্তি আবেদনের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট)। ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৪। হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য ক্রয়ের তালিকাভূক্তির ক্ষেত্রে ন্যূনতম ২৫ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের তালিকাভূক্তির ক্ষেত্রে ন্যূনতম ৫ লক্ষ টাকার স্থিতি সম্বলিত সার্টিফিকেট/বিবরণী), ৫। জাতীয় পরিচয়পত্র ৬। পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি, ৭।ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০.০০ (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গিকারনামা এবং ৮। অথোরাইজেশন লেটার ও ডকুমেন্টে বর্ণিত শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| তালিকাভুক্তিকরণ ফি | নিবন্ধন ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, সিলেট বরাবর। একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী (Women Owned Enterprise) হলে নিবন্ধন ফি ৩০০০.০০ (তিন হাজার) টাকা এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট। |

**২। ঠিকাদার নবায়নের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা ও এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, সিলেট বরাবর। একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী (Women Owned Enterprise) হলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫.০০ (দুইশত পচিঁশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট। |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
নির্বাহী প্রকৌশলী'র দপ্তর
সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট।
www.bwdb.gov.bd



উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entry) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক। তালিকাভূক্তি মানেই কাজ প্রদানের নিশ্চয়তা নয় এবং **তালিকাভূক্তির জন্য আবেদনকারীকে অবশ্যই সিলেট জেলার স্থায়ী নাগরিক হতে হবে।**

স্বাক্ষরিত/-
(দীপক রঞ্জন দাশ)
নির্বাহী প্রকৌশলী
সিলেট পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, সিলেট।

স্মারক নং- বাপাউবো/নিঃপ্রঃ/এলটিএম/এল-৬/১২৯/১(৯) তারিখঃ- ১৪-০৭-২০২৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, সিলেট।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা। **বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি দৈনিক পত্রিকায় (আঞ্চলিক/স্থানীয় পত্রিকাসহ) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।**
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা। **(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**
৬। উপ-পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, সিলেট।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, সিলেট পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/৩, বাপাউবো, সিলেট।
৮। উচ্চমান সহকারী, সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট। (ঠিকাদার তালিকাভূক্তি ফরম আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং তালিকাভূক্তি/নবায়ন আবেদন পত্র সমূহ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো।)
৯। দপ্তর কপি।

14-7-26

নির্বাহী প্রকৌশলী
সিলেট পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, সিলেট।